গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

নং-৫৮.০৪.০০০০.০২৮.০২.০০১.২০১৭-৪৯৪

তারিখ ঃ ১৮ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **কারা অধিদপ্তরের শুন্য পদ পূরণের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করণ**

কারা অধিদপ্তরের ষোল প্রকার পদে জনবল নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তি নং ৫৮.০৪.০০০০.০২৮.০২.০০১. ২০১৭-৪৯৩ তারিখঃ ০৩-১০-২০১৭ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত ০২ (দুই) কপি নিয়োগ বিজ্ঞপ্তি এতদসংগে প্রেরণ করা হলো। সংযুক্ত বিজ্ঞপ্তিটি অবিলম্বে শুধুমাত্র ০১(এক) দিনের জন্য ২৭´´X৪ কলাম পরিসরে আপনার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

২। সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তি সম্বলিত পত্রিকার সৌজন্য সংখ্যা কারা অধিদপ্তরে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্ত ঃ বিজ্ঞপ্তি- ০১ সেট (০৪ পাতা)

(মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন)
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোনঃ ৫৭৩০০৪৬৬(দপ্তর)

কার্যার্থে প্রেরণ

১। ম্যানেজার (বিজ্ঞাপন)
দৈনিক ইত্তেফাক
৪০ কাওরান বাজার, ঢাকা-১২১৫

২। ম্যানেজার (বিজ্ঞাপন)
দৈনিক জনকণ্ঠ
২৪/এ নিউ ইস্কাটন রোড, ঢাকা।

৩। ম্যানেজার (বিজ্ঞাপন)
দি নিউ এজ
হামিদ প্লাজা
৩০০/৫/এ/১ বীর উত্তম সি. আর. দত্ত রোড, হাতিরপুল, ঢাকা।

অনুলিপি

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ (দৃঃ আঃ সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**সংযুক্ত বিজ্ঞপ্তিটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।**

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
**সংযুক্ত বিজ্ঞপ্তিটি কারা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।**

৩। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক (সঃ দঃ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।

৪। শাখা প্রধান, প্রশাসন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩,উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

নং-৫৮.০৪.০০০০.০২৮.০২.০০১.২০১৭-৪৯৩

তারিখ ঃ ১৮ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা-১ অধিশাখার পত্র নং-৪৪.০০.০০০০.০২৩.০১.০০৩.২০১৬-১৪ তারিখঃ ০৯-১-২০১৭ খ্রিঃ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের কারা অধিশাখার পত্র নং-৫৮.০০.০০০০.০৮৪.২১.০০১.২০১৪(অংশ-১)-১৮ তারিখঃ ১২-১-২০১৭ খ্রিঃ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের কারা-১ শাখার স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.১৩.০০১.২০১৪-৪১৯ তারিখঃ ১৪-৯-২০১৭ খ্রিঃ এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র/নবসৃষ্ট পদের অনুমোদন মোতাবেক কারা অধিদপ্তরের নিম্নলিখিত শুন্য পদ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত যোগ্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ফার্মাসিস্ট<br>গ্রেড -১১<br>বেতন স্কেল : ১২,৫০০-৩০,২৩০/- | ৩৬<br>(ছত্রিশ) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা-ইন-ফার্মেসী সনদ প্রাপ্ত। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড -১৩<br>বেতন স্কেল : ১১,০০০-২৬,৫৯০/- | ০১<br>(এক) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) বাংলা ও ইংরেজি সাঁট লিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ।<br>(গ) বাংলা ও ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ।<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৩. | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড -১৪<br>বেতন স্কেল : ১০,২০০-২৪,৬৮০/- | ০৩<br>(তিন) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) বাংলা ও ইংরেজি সাঁট লিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ।<br>(গ) বাংলা ও ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ।<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৪. | কারা সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড- ১৬<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ৫৬<br>(ছাপ্পান্ন) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।<br>(খ) বাংলা ও ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২০ ও ২৮ শব্দ।<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৫. | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী<br>গ্রেড -১৬<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ০২<br>(দুই) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।<br>(খ) বাংলা ও ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ।<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | অফিস সহকারী<br>গ্রেড -১৬<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ০৫<br>(পাঁচ) | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে/ সিজিপিএ ২.৫ পেয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। | |
| ৭. | ফ্যাক্টরী ওভারসীয়ার<br>গ্রেড -১৬<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ০২<br>(দুই) | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে/ সিজিপিএ ২.৫ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কাপড় বোনা ও রং করা, কাঠ মিস্ত্রি, কার্পেট তৈরি, কামার ইত্যাদি ট্রেড কোর্সে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৮. | টাস্ক-টেকার<br>গ্রেড -১৬<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ০৬<br>(ছয়) | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে/ সিজিপিএ ২.৫ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কাপড় বোনা ও রং করা, কাঠ মিস্ত্রি, কার্পেট তৈরি, কামার ইত্যাদি ট্রেড কোর্সে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৯. | গাড়ী চালক<br>গ্রেড -১৬<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ৩৮<br>(আটত্রিশ) | (ক) অষ্টম শ্রেণী পাস।<br>(খ) হালকা ও ভারী যানবাহন চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্সের অধিকারী।<br>(গ) অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ১০. | শিক্ষক<br>গ্রেড- ১৭<br>বেতন স্কেল : ৯,০০০-২১,৮০০/- | ৩৪<br>(চৌত্রিশ) | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে/ সিজিপিএ ২.৫ পেয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষা বা সার্টিফিকেট ইন-এডুকেশন (সি-ইন-এড) উত্তীর্ণ। | |
| ১১. | ক্যাশিয়ার<br>গ্রেড- ১৭<br>বেতন স্কেল : ৯,০০০-২১,৮০০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হইতে বানিজ্যে অন্যূন দ্বিতীয় বিভাগে/সিজিপিএ ২.৫ পেয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১২. | মাস্টার দর্জি<br>গ্রেড-১৮<br>বেতন স্কেল : ৮,৮০০-২১,৩১০/- | ১১<br>(এগারো) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ১৩. | দর্জি<br>গ্রেড-১৮<br>বেতন স্কেল : ৮,৮০০-২১,৩১০/- | ১৯<br>(উনিশ) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ১৪. | ব্লাকস্মীথ<br>গ্রেড-১৯<br>বেতন স্কেল : ৮,৫০০-২০,৫৭০/- | ১২<br>(বারো) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ১৫. | বুক বাইন্ডার ইন্সট্রাক্টর<br>গ্রেড-১৯<br>বেতন স্কেল : ৮,৫০০-২০,৫৭০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ১৬. | অফিস সহায়ক (গ্রেড-২)<br>গ্রেড -২০<br>বেতন স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ক। মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ,মাদারীপুর, রাজবাড়ী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী,রাঙ্গামাটি, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, নবাবগঞ্জ,দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>খ। এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

শর্তাবলী ঃ

(১) আগ্রহী প্রার্থীকে কারা অধিদপ্তরের ওয়েবসাইট (www.prison.gov.bd) থেকে নির্ধারিত ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করতঃ আগামী ৩১-১০-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি **কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ৩০/৩, উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১** এর বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(২) আবেদনপত্রের সাথে ট্রেজারী চালানের কপি ও ফেরত খাম ব্যতীত অন্য কোন কাগজপত্র দাখিলের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় সকল সনদের ০১ সেট সত্যায়িত কপি জমা প্রদান এবং মূলকপি প্রদর্শন করতে হবে।

(৩) ০১-১০-২০১৭ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যাদের বয়সসীমা ৩০ বৎসর।

(৪) সরকারি বিধি-বিধান অনুযায়ী জেলা কোটাসহ অন্যান্য সকল কোটা (প্রমাণক সাপেক্ষে) অনুসরণ করা হবে।

(৫) আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৪(চার) কপি সত্যায়িত রঙ্গিন ছবি (৫ x ৫ সেঃ মিঃ সাইজের) সংযুক্ত করতে হবে।

(৬) ক্রমিক নং- ০১ থেকে ১৫ পর্যন্ত প্রার্থীদের ১০০/-(একশত) টাকা এবং ক্রমিক নং- ১৬ এর প্রার্থীদের ৫০/-(পঞ্চাশ) টাকা কারা মহাপরিদর্শক, বাংলাদেশ, ঢাকা এর অনুকূলে **১-৭৩৫১-০০০০-২০৩১** কোড নম্বরে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ট্রেজারী চালানের মাধ্যমে জমাপূর্বক চালানের মূল কপি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(৭) প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র সম্পর্কিত তথ্য প্রবেশপত্রে উল্লেখ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৮) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যাদের মৌখিক পরীক্ষার সময় মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলরের নিকট থেকে প্রত্যয়নপত্র সাথে আনতে হবে।

(৯) চাকুরীরত/বিভাগীয় প্রার্থীদের উপর্যুক্ত শর্তানুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(১০) আবেদন পত্রের খামের উপরে আবেদনকারীর পূর্ণাঙ্গ ঠিকানা, পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে। আবেদন পত্রের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা লেখাসহ ০৪(চার) টাকা মূল্যের ডাকা টিকেট সম্বলিত ৯´´x৪´´ পরিমাপের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান কোটায় আবেদনকারী প্রার্থীদের খাম ও আবেদনপত্রের উপর বড় অক্ষরে "মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা" লিখতে হবে।

(১১) অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরে অসত্য/ভূয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার দরখাস্ত বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(১২) এ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশের পরিবর্তন/সংশোধনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(১৩) কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে আংশিক/সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কারা অধিদপ্তর নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৪) যে কোন ধরণের তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে।

(মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন)
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
কারা অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য-সচিব
কারা অধিদপ্তর নির্বাচন কমিটি।